126

দৈনিক জনকণ্ঠ

তারিখ 03 APR 1998
পৃষ্ঠা ৩ কলাম ?

# ১৫ দফা দাবি আদায়ে শিক্ষক সমিতির কর্মসূচী পালিত

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান)-এর আহ্বানে বুধবার সারা দেশে থানা ও জেলা সদরে সমিতির ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে সমাবেশ, মিছিল ও স্মারকলিপি প্রদানের কর্মসূচী পালিত হয়। ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে বিপুলসংখ্যক শিক্ষক, শিক্ষিকা ও কর্মচারীর উপস্থিতিতে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সমিতির সভাপতি অধ্যক্ষ কামরুজ্জামান, সহ-সভানেত্রী মিসেস হেনা দাস, সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলম এবং ঢাকা মহানগর শাখার সাধারণ সম্পাদক মোঃ মফিজ উদ্দিন। সমাবেশ শেষে এক মিছিল ওসমানী উদ্যানে গিয়ে শেষ হয়। পরে অধ্যক্ষ কামরুজ্জামানের নেতৃত্বে হেনা দাস, চৌধুরী খুরশীদ আলম, আবু বকর সিদ্দিক ও মোঃ মফিজ উদ্দিনের সমন্বয়ে ৫ সদস্যের এক প্রতিনিধি দল সচিবালয়ে শিক্ষা সচিব সমীপে দাবি সংবলিত স্মারকলিপি পেশ করেন। —বিজ্ঞপ্তি।